


**বিকেএসপিতে বিকেএসপি - ভূটান জয়েন্ট ট্রেনিং এ্যান্ড ফ্রেন্ডশিপ বক্সিং টুর্নামেন্ট -২০২৪ এর সমাপনী ও পুরস্কার প্রদান অনুষ্ঠান**

বিকেএসপিতে ১৫ দিন ব্যাপি বিকেএসপি - ভূটান জয়েন্ট ট্রেনিং এ্যান্ড ফ্রেন্ডশিপ বক্সিং টুর্নামেন্ট -২০২৪ এর গত ২৫ ফেব্রুয়ারি ২০২৪ ছিল সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান। সমাপনী দিনে বিকেএসপি ও ভূটান দলের মধ্যকার বন্ধুত্বের মধ্যে বিভিন্ন ওয়েট ক্যাটাগরিতে ফ্রেন্ডশিপ টুর্নামেন্টে অনুষ্ঠিত হয়। টুর্নামেন্টের ছেলেদের গ্রুপে বিকেএসপি ০৩টি স্বর্ণ ও ৫টি রৌপ্য পদক এবং ভূটান ৩টি স্বর্ণ ও ৪টি রৌপ্য পদক অর্জন করে। মেয়েদের গ্রুপে ভূটান ৪টি স্বর্ণ ও ১টি রৌপ্য এবং বাংলাদেশ এ্যামেচার বক্সিং ফেডারেশন ১টি স্বর্ণ ও ৪টি রৌপ্য পদক লাভ করে। সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে বিকেএসপির মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল সৈয়দ মোঃ মোতাহের হোসেন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে পুরস্কার প্রাপ্তদের পুরস্কৃত করেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ এ্যামেচার বক্সিং ফেডারেশন সাধারণ সম্পাদক জনাব মোঃ মাজহারুল ইসলাম। এসময় বক্সিং ফেডারেশনের অন্যান্য কর্মকর্তাগণও উপস্থিত ছিলেন। উল্লেখ্য গত ১০ ফেব্রুয়ারি জয়েন্ট ট্রেনিং এর উদ্বোধন করা হয়। প্রধান অতিথি ও বিশেষ অতিথি বাংলাদেশের বক্সিং এর উন্নয়নে বিকেএসপি ও বিএবিএফ এক সাথে কাজ করার অভিপ্রায় ব্যক্ত করেন।



**বিকেএসপি পাবলিক স্কুল ও কলেজের বার্ষিক ক্রীড়া ও পুরস্কার প্রদান অনুষ্ঠান-২০২৪**

গত ২৫ ফেব্রুয়ারি ২০২৪ ইং ছিল বিকেএসপি পরিচালিত বিকেএসপি পাবলিক স্কুল ও কলেজের বার্ষিক ক্রীড়া ও পুরস্কার প্রদান অনুষ্ঠান-২০২৪। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল সৈয়দ মোঃ মোতাহের হোসেন, এনডিসি, পিএসসি। বিকেএসপি পাবলিক স্কুল ও কলেজের অধ্যক্ষ মেজর মোঃ কামরুল হাসান, পিএসসি (অবঃ) এর তত্ত্বাবধানে মনোজ্ঞ ডিসপ্লে প্রদর্শনী, ছেলে-মেয়েদের ক্রীড়াশৈলী ও সুন্দর আয়োজন সকলের দৃষ্টি আকর্ষণ করে।



## বিকেএসপির মহাপরিচালকের সাথে সৌজন্য সাক্ষাৎ করলেন জহির

২৭ ফেব্রুয়ারি, ২০২৪ ইং, ইরানে অনুষ্ঠিত সদ্য সমাপ্ত ইনডোর অ্যাথলেটিকস চ্যাম্পিয়নশিপের ৪০০ মি. স্প্রিন্টে রৌপ্য পদক বিজয়ী বাংলাদেশের অ্যাথলেট জহির রায়হান তার প্রিয় প্রতিষ্ঠান, খেলোয়াড় তৈরির আঁতুড় ঘর বলে স্বীকৃত বিকেএসপি'তে আসেন। এ সময় তিনি প্রতিষ্ঠানের বর্তমান মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল সৈয়দ মোঃ মোতাহের হোসেন এর সাথে সৌজন্য সাক্ষাৎ করেন। মহাপরিচালক তার এই অর্জনে বিকেএসপি পরিবারের পক্ষ থেকে তাকে শুভেচ্ছা জানান। বিকেএসপির সাবেক প্রশিক্ষণার্থী জহির প্রতিযোগিতায় অংশগ্রহণের পূর্বে বিকেএসপিতে অনুশিলন করার সুযোগ দেয়ায় বিকেএসপি কর্তৃপক্ষের নিকট কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং আগামীতে আরও ভালো করার প্রতিশ্রুতি দেন। এ সময় বিকেএসপির পরিচালক (প্রশিক্ষণ) কর্ণেল মোঃ মিজানুর রহমান, উপ-পরিচালক (প্রশাসন) জনাব মোঃ ছগির হোসেন ও অ্যাথলেটিক্স বিভাগের সিনিয়র কোচ ড. মোঃ মেহেদী হাসান উপস্থিত ছিলেন।

জহির ৪০০ মিটার ফাইনালে টাইমিং করেছেন ৪৮.১০ সেকেন্ড। প্রথম হওয়া ইরানের অ্যাথলেট সাজ্জাদ আঘাইয়ের টাইমিং ছিল ৪৭.৯৫ সেকেন্ড। উল্লেখ্য জহির প্রথম বারের মতো এ প্রতিযোগিতায় অংশ নিয়ে হিটে ৪৮.৮৪ সেকেন্ড সময় নিয়ে প্রথম হয়েছিলেন। নানা প্রতিকূলতার মধ্য দিয়ে জহিরের এ অর্জন নিঃসন্দেহে আগামী অ্যাথলেটদের জন্য অনুকরণীয় হয়ে থাকবে।



## এশিয়া কাপ আর্চারি- ২০২৪ এর পদক বিজয়ীদের সাথে মহাপরিচালকের সৌজন্য সাক্ষাৎ

ইরাকের রাজধানী বাগদাদে অনুষ্ঠিত এশিয়া কাপ আর্চারি স্টেজ-১ এর পদক বিজয়ী বাংলাদেশের হয়ে অংশগ্রহণকারী বিকেএসপির আর্চারদের সাথে মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল সৈয়দ মোঃ মোতাহের হোসেন এর সাথে সৌজন্য সাক্ষাৎ করেন। আর্চারি দলটি ২ টি রৌপ্য ও ২টি তাম্র সহ মোট ৪টি পদক লাভ করে। প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য ৮ সদস্য বিশিষ্ট বাংলাদেশ দলের ৫ জন (আব্দুর রহমান আলিফ, মোঃ সাগর ইসলাম, তপু রায়, ফাহমিদা সুলতানা নিশা ও রীনা মেঘলা) বিকেএসপির বর্তমান প্রশিক্ষণার্থী। বাকী ৩ জনের মধ্যে ২ জন বিকেএসপির সাবেক প্রশিক্ষণার্থী, অন্য জন বিকেএসপি 'র প্রমিলা ক্যাম্পে প্রশিক্ষণ প্রাপ্ত আর্চার। প্রতিযোগিতায় ২২টি দেশের মোট ১১১ জন তীরন্দাজ অংশগ্রহণ করে।



## আন্তর্জাতিক কারাতে প্রতিযোগিতায় বিকেএসপির সাফল্য

গত ১৪ - ২৬ ফেব্রুয়ারি দুবাইতে অনুষ্ঠিত উন্মুক্ত কারাতে প্রতিযোগিতায় পদক বিজয়ী বাংলাদেশের হয়ে অংশগ্রহণকারী বিকেএসপির খেলোয়াড়দের সাথে মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল সৈয়দ মোঃ মোতাহের হোসেন সৌজন্য সাক্ষাৎ করেন। বিকেএসপির মোঃ ইয়াসিন ইসলাম নাহিদ ও মোঃ মনিরুল ইসলাম দেশের হয়ে একটি রৌপ্য ও একটি ব্রোঞ্জ পদক অর্জন করেন। প্রতিযোগিতায় ২৩ টি দেশের মোট ৭৮ টি দল অংশগ্রহণ করে।



ইউ.এই. আন্তর্জাতিক কারাতে ওপেন চ্যাম্পিয়নশিপ ২০২৪, দুবাইয়ে এর পদক বিজয়ী প্রশিক্ষকগণের সাথে বিকেএসপির অধ্যক্ষগণের প্রতিনিধিত্ব করেছেন জেনারেল সৈয়দ মোঃ মোতাহের হোসেন, এন.এই.এ. সৈয়দ মোঃ ইয়াসিন ইসলাম নাহিদ ও মোঃ মনিরুল ইসলাম।

